

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০৪(মতামত-৪).১৮- ৫০৭

তারিখঃ ২৮ অগ্রহায়ন ১৪২৫
১২ অক্টোবর ২০১৮


বিষয়: রিট পিটিশন নং-১৮৪৮১/২০১৭ এর মামলা বিষয়ে হালনাগাদ তথ্য প্রেরণ সংক্রান্ত।

সূত্র: আইন-১ শাখার স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৭.২৫৯.৭১৬ তারিখ: ১৪/০৩/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার শালিখা উপজেলাধীন আমজাদ আলী বহুমুখী মধ্যমিক বিদ্যালয় (ভোকেশনাল শাখা) ট্রেড ইন্সট্রাক্টর (জেনারেল ইলেকট্রিক্স) জনাব মো মোশফেকুর রহমান কারিগরি শিক্ষা অধিদপ্তরে স্মারক নং-৩৭.০৩.০০০০.০৯২.১৮.০০১.১৭-৫৬৯, তারিখ: ০৩/০৭/২০১৭ খ্রি: পত্রে ২০১০ জনবল কাঠামো (মার্চ/২০১৩ পর্যন্ত) সংশোধিত এর ১৮(৬) ধারা মোতাবেক তার বকেয়া বেতন ভাতা প্রদানের বিষয়টি বিবেচনা করা না হলে তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্টে ১৮৪৮১/২০১৭ নং পিটিশন দায়ের করেন।

০২। রিট পিটিশন নং-১৮৪৮১/২০১৭ মামলায় মহামান্য হাইকোর্ট গত ১৪/১২/২০১৭ খ্রি: তারিখের রুলের আদেশে রুল প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে রুল নিশির কারণ দর্শানোর নির্দেশনা প্রদান করেন। উক্ত রুল নিশির বিস্তারিত জবাব প্রস্তুত পূর্বক দাখিলের জন্য সময়ের প্রয়োজন মর্মে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিজ্ঞ সলিসিটরকে অনুরোধপত্র দেয়া হয়েছে। তবে জবাব কবে নাগাদ দাখিল করা হবে এ বিষয়ে কোন তথ্য নেই।

০৩। এমতাবস্থায় রিট পিটিশন নং-১৮৪৮১/২০১৭ এর জবাব দাখিল করা হয়েছে কিনা? দাখিল হয়ে থাকলে শুনানী হয়েছে কিনা? শুনানী হয়ে থাকলে এর ফলাফল কি এবং উক্ত মামলার সর্বশেষ অবস্থা (প্রমাণকসহ) সম্পর্কিত তথ্য আগামী ২৭/১২/১৮ তারিখের মধ্যে এ বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৭৫২৭২

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাও প্রশাসনিক এলাকা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, টিএমইডি, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। প্রোগ্রামার, টিএমইডি শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। অফিস কপি/মাষ্টার কপি।